

কালের বর্ষ

জেএসসি-জেডিসি সমাপনী পরীক্ষা

১ নভেম্বর শুরু

ফাঁস বা গুজব ছড়ালে
আইসিটি আইনে ব্যবস্থা

নিজস্ব প্রতিবেদক >

জুনিয়র কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র মাথিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার প্রস্তুতি শুরু করেছে শিক্ষা মন্ত্রণালয়। পরীক্ষার প্রশ্নপত্রের নিরাপত্তায় বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ারও সিদ্ধান্ত হয়েছে। এ বছরের পরীক্ষা আগামী ১ নভেম্বর থেকে শুরু হবে। গতকাল বৃহস্পতিবার বিকেলে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে পাবলিক পরীক্ষা পরিচালনাসংক্রান্ত জাতীয় মনিটরিং কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সভায় প্রশ্নপত্র ফাঁস বা ফাঁসের গুজব সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৮

জেএসসি-জেডিসি

▶▶ শেষ পৃষ্ঠার পর

নেওয়ার ঊর্ধ্বায়ী দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, এবার সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশ্নপত্র ফাঁস বা ফাঁসের গুজব ছড়ালে বা এসব ছানে লাইক বা শেয়ার করলে আইসিটি আইনের সর্বশেষ ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। যেসব ব্যক্তি প্রশ্নপত্র ফাঁস করেন বা পরীক্ষা শুরু হওয়ার আধা ঘণ্টা আগে প্রশ্নপত্র খুলে মোবাইল ফোনে ছবি তুলে ফেসবুক বা হোয়াটস-আপে তুলে দেন, তাদের শিক্ষকতা পেশা ছেড়ে 'চোরের খাতায়' নাম লেখাতে পরামর্শ দেন শিক্ষামন্ত্রী। নাহিদ বলেন, এবার এ ধরনের অপকর্মকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। পরীক্ষা শুরু হওয়ার আগে থেকেই সারা দেশের কোচিং সেন্টার, ফটোকপি দোকানে নজরদারি রাখা হবে। বিজি প্রেস ও বিভিন্ন বোর্ডের প্রশ্ন প্রণয়নকারী ও মডারেটরদের ওপরও বিশেষ নজর রাখা হবে। এবার প্রায় ২০ লাখ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে বলে সভায় জানানো হয়। সভায় শিক্ষা মন্ত্রণালয়ের 'উর্ধ্বতন কর্মকর্তারা ছাড়াও স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তা, শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, পুলিশ, রায়বসহ বিভিন্ন পোয়েন্দা সংস্থা এবং বিজি প্রেসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।